

৩৪৮  
(স্বামী ব্রহ্মানন্দকে লিখিত)

আলমোড়া  
২০ জুন, ১৮৯৭

অভিনন্দয়েষু,

তোমার শরীর পূর্বাপেক্ষা ভাল আছে শুনিয়া সুখী হইলাম। যোগেন ভায়ার কথাবার্তা? তিনি সঠিকে কন না, এজন্য সে-সকল শুনে কোন চিন্তা করিও না। আমি সেরেসুরে গেছি। শরীরে জোরও খুব; তৃষ্ণা নাই, আর রাতে উঠিয়া প্রস্রাব বন্ধ। কোমরে বেদনা-ফেদনা নাই; লিভারও ভাল। শরীর ঔষধে কি ফল হল বুঝতে পারলাম না -- কাজেই বন্ধ। আম খুব খাওয়া যাচ্ছে। ঘোড়াচড়াটা বেজায় রপ্ত হচ্ছে -- কুড়ি-ত্রিশ মাইল একনাগাড়ে দৌড়ে গিয়েও কিছুমাত্র বেদনা বা exhaustion (অবসাদ) হয় না। দুধ একদম বন্ধ করেছি -- পেট মোটার ভয়ে। কাল আলমোড়ায় এসেছি। আর বাগানে যাব না। ... বাড়ি ভাড়া-টাড়া যা করতে হয় করবে; এতে আর অত জিজ্ঞাস-পড়া কি করবে!

শুদ্ধানন্দ লিখছে -- কি Ruddock's Practice of Medicine পাঠ হচ্ছে। ও-সব কি nonsense (বাজে জিনিস) ক্লাসে পড়ানো? একসেট Physics (পদার্থবিদ্যা) আর Chemistry-র (রসায়নের) সাধারণ যন্ত্র ও একটা সাধারণ telescope (দূরবীক্ষণ) ও একটা microscope (অনুবীক্ষণ) ১৫০।২০০ টাকার মধ্যে সব হবে। শশীবাবু সপ্তাহে একদিন এসে Chemistry practical (ফলিত রসায়ন)-এর উপর লেকচার দিতে পারেন ও হরিপ্রসন্ন Physics ইত্যাদির ওপর। আর বাঙলা ভাষায় যে সকল উত্তম Scientific (বিজ্ঞান-সম্বন্ধীয়) পুস্তক আছে, তা সব কিনবে ও পাঠ করাবে। কিমধিকমিতি

বিবেকানন্দ